

## রাজনৈতিক ব্যবস্থা :

সংজ্ঞা : মার্কিন রাষ্ট্রবিজ্ঞানী ডেভিড ইস্টন রাজনৈতিক ব্যবস্থার ধারণাটি প্রথম ব্যবহার করেন। তাঁর মতে, রাজনৈতিক ব্যবস্থা হলো কোনো সমাজের সেই সব ঘাত প্রতিঘাতের ব্যবস্থা যার মধ্যে দিয়ে বাধ্যতামূলক সিদ্ধান্তের ব্যবস্থা গড়ে ওঠে। তাঁর ভাষায়, রাজনৈতিক ব্যবস্থা হলো যে কোনো সমাজের ক্রিয়া প্রতিক্রিয়ার নিয়ম যেখানে বাধ্যতামূলক ভাবে কর্তৃত্ব সম্পন্ন নীতি নির্ধারণ হয়। আলমন্ড ও পাওয়েল বলেন, রাজনৈতিক ব্যবস্থা হলো প্রতি স্বাধীন সমাজের এক ক্রিয়া প্রতিক্রিয়া র ব্যবস্থা যা কম বেশি মাত্রায় আইনসম্মত উপায়ে বল প্রয়োগ বা বল প্রয়োগের ভীতির সাহায্যে সংহতি ও অভিযোজনের কার্যাবলী সম্পাদন করে।।

সাধারণভাবে বলা যায়, রাজনৈতিক ব্যবস্থা বলতে বুঝি, কোনো রাষ্ট্রের অভ্যন্তরীণ ও বাহ্যিক পরিবেশে গড়ে ওঠা পারস্পরিক ভাবে নির্ভরশীল বিভিন্ন অংশের সমষ্টি যা সমাজে সর্ববিধ রাজনৈতিক কার্যকলাপ কে মানবীয় কার্যকলাপের সঙ্গে সমন্বয় সাধন করে।